

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.ccb.gov.bd

স্মারক নং-২৬.১২.০০০০.১০৪.২৯.০১.২১- ৩৬৮

তারিখ: ২৪-০৬-২০২৪

বিষয়: ঈদ পুনর্মিলনি সভার রেকর্ড অব নোটস।

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সনের সভাপতিত্বে ২৩-০৬-২০২৪ তারিখে কমিশনের সভা কক্ষে ঈদ পুনর্মিলনি সভা অনুষ্ঠিত হয়। সভায় কমিশনের সদস্য (জনপ্রশাসন) জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান এবং সদস্য (অর্থনীতি) জনাব মোঃ হাফিজুর রহমান, কমিশনের সচিব জনাব মাহবুবুর রহমান খান এবং অন্যান্য কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় কর্মকর্তা/ কর্মচারীগণ পরস্পর ঈদ শুভেচ্ছা বিনিময় করেন।

২। ঈদ শুভেচ্ছা বিনিময়ের পর কমিশনের সার্বিক কার্যাবলির ওপর আলোচনাকালে নিম্নবর্ণিত বিষয়াদির ওপর গুরুত্ব আরোপ করা হয়:-

- (২.১) ২০২৩-২৪ অর্থবছর শেষ হওয়ার সাথে সাথে কমিশনের কার্যাবলির ওপর ভিত্তি করে বার্ষিক প্রতিবেদনের খসড়া প্রণয়ন করতে হবে। এ বিষয়ে কমিশনের সচিব জনাব মাহবুবুর রহমান খান এবং সহকারী প্রোগ্রামার জনাব মোঃ আরিফুর রহমান-কে একটি গাইড লাইন প্রদান করা হয়। সে অনুযায়ী তারা কাজ করে কমিশনের সদস্যবৃন্দ এবং চেয়ারপার্সনকে অতি দ্রুত ফিডব্যাক দেবেন;
- (২.২) ২০২৪-২৫ অর্থবছরের সমীক্ষা কাজের বিষয় (Topic) দ্রুত নির্বাচন করতে হবে। সমীক্ষা কাজের জন্য একটি স্ট্যান্ডার্ড ফরম্যাট করা সহ অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। সদস্য (এ্যাডভোকেসি, পলিসি ও আন্তর্জাতিক সম্পর্ক) 'র তত্ত্বাবধানে পরিচালক জনাব কাজী গোলাম তৌসিফ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;
- (২.৩) প্রতিযোগিতা আইন, ২০১২ এর Peer Review Recommendation এবং ০৫-০২-২০২৪ তারিখের সচিব সভায় প্রদত্ত মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনা সম্পর্কে সম্যক অবহিত রাখার লক্ষ্যে কমিশনের সচিব কমিশনের কর্মকর্তা/ কর্মচারীবৃন্দসহ মিটিং করবেন এবং সদস্যবৃন্দ ও চেয়ারপার্সনকে ফিডব্যাক প্রদান করবেন;
- (২.৪) সিরডাপ মিলনায়তন-এ ৩০-০৬-২০২৪ তারিখে জোটবদ্ধতা প্রবিধানমালার খসড়ার ওপর স্টেকহোল্ডার কনসালটেশন সভা হবে। এ বিষয়ে সদস্য (এ্যাডভোকেসি, পলিসি ও আন্তর্জাতিক সম্পর্ক) 'র তত্ত্বাবধানে থেকে প্রয়োজনীয় দায়িত্ব পালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়;
- (২.৫) ২০২৩-২৪ অর্থবছরের সমীক্ষা কাজের ওপর জুন ২০২৪ মাসের ২৪, ২৫, ২৬ ও ২৭ তারিখে ভ্যালিডেশন ওয়ার্কশপ আয়োজন করা হবে। কমিশনের সচিব কমিশনের সদস্যবৃন্দের সাথে পরামর্শক্রমে ওয়ার্কশপ সফলভাবে আয়োজনের যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবেন;
- (২.৬) কমিশনের ওয়েবসাইট নিয়মিত হালকরণ করতে হবে। সচিব, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।


(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)

চেয়ারপার্সন।

স্মারক নং-২৬.১২.০০০০.১০৪.২৯.০১.২১- ৩৬৮


তারিখ: ২৪-০৬-২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো:

১। বিজ্ঞ সদস্য (সকল), বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা।

২। পরিচালক/উপপরিচালক/সহকারী পরিচালক (সকল)/ হিসাবরক্ষণ কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা।

৩। চেয়ারপার্সন এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা (চেয়ারপার্সন মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মাহবুবুর রহমান খান)
সচিব (উপসচিব)